

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.১০০০.০৪২.১৪.০৮৭.১৭.১২৩০

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

বিষয় : বগুড়া জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব তহবিলের আওতায় ৭৭.৫০ লক্ষ (সাতাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪১টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র : স্মারক নম্বর : ৪৬.৫০.১০০০.০০০০.০০২.১৪.০০২.২৫.৫৩৬, তারিখ : ১৯-০৫-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বগুড়া জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব তহবিলের আওতায় ৭৭.৫০ লক্ষ (সাতাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪১টি প্রকল্প নিম্নোক্ত শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

- পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের রাজস্ব/এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
- সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
- গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
- গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
- প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে আবশ্যিকভাবে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email : lgzp@lgd.gov.bd

বিতরণ :

- প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া; এবং
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া।

স্মারক নম্বর : ৪৬.০০.১০০০.০৪২.১৪.০৮৭.১৭.১২৩০/১(৭)

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব